

নতুন পাঠক্রম

ত্রিস্তরীয়

২০১৮

বাংলা

(কলা বিভাগ)

আবশ্যিক পত্র

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১×১৫

(ক) 'ঝড়ের খেয়া' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কবিতাটির  
কাব্যসৌন্দর্য বিচার করো। ১৫

(Turn Over)

(খ) 'হাঁসুলি বাঁকের উপকথা' উপন্যাসে মিথের ব্যবহারে উপন্যাসিকের কৃতিত্ব বিচার করো। ১৫

(গ) 'পিতৃদেব ঠাকুরদাস বন্দোপাধ্যায়' শীর্ষক রচনাটিতে সেকালের জীবনযাত্রার যে বিবরণ পাওয়া যায় তা পরিস্ফুট করো। ১৫

২। ভাবসম্প্রসারণ করো : ১০

স্নেহের স্বভাবই এই, অকারণে অনিষ্ট আশঙ্কা করে।

অথবা

সারাংশ লেখো : ১০

বর্তমান সভ্যতায় দেখি, এক জায়গায় একদল মানুষ অল্প উৎপাদনের চেস্তায় নিজের সমস্ত শক্তি নিয়োগ করেছে, আর এক জায়গায় আর একদল মানুষ স্বতন্ত্র থেকে সেই অল্পে প্রাণধারণ করে। তাঁদের যেমন এক পিঠে অঙ্ককার, অন্য পিঠে আলো, এ সেই রকম। একদিকে দৈন্য মানুষকে পঙ্গু করে রেখেছে—অন্যদিকে ধনের সম্মান, ধনের অভিমান, ভোগবিলাস সাধনের প্রয়াসে মানুষ উন্মত্ত। অল্পের উৎপাদন হয় পল্লীতে আর অর্থের সংগ্রহ চলে

নগরে। অর্থ উপার্জনের সুযোগ ও উপকরণ সেখানেই কেন্দ্রীভূত স্বভাবত  
সেখানেই আরাম আয়াস আমোদ ও শিক্ষার ব্যবস্থা প্রতিষ্ঠিত হয়ে অপেক্ষাকৃত  
অল্পসংখ্যক লোককে ঐশ্বর্যের আশ্রয় দান করে।

৩। যে কোনো একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা করো : ১×১০

- (ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ;
- (খ) বাংলা সাহিত্যচর্চায় প্রযুক্তির ভূমিকা ;
- (গ) বসন্তোৎসব ;
- (ঘ) বৃদ্ধাশ্রমের প্রয়োজনীয়তা।

৪। পরিভাষা লেখো (যে কোনো পাঁচটি) : ৫×১

Powerhouse, Abstract, Utility, Terminology, Sublimity,  
Saga, Revision.

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫

(ক) পদ পরিবর্তন করো : (৫টি) ৫×১

মুনি, বিষাদ, ফুল, নগর, তর্ক, নবাব, পৃথিবী।

(খ) অশুদ্ধি সংশোধন করো : (৫টি) ৫×১

বিশাষ, মুখস্ত, অধ্যয়ন, আভিলাস, মরিচিকা, সমিচিন।

(গ) বিপরীতার্থক শব্দ লেখো : (৫টি) ৫×১

হতবুদ্ধি, স্বাবর, গৃহী, নিমীলিত, আগমনী, সদাচার, অনুগ্রহ।

---